

জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৮ সম্পর্কে

শিক্ষা মন্ত্রণালয়, "জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৮"- এর কার্যক্রম ঘোষণা করেছে এবং ঘোষণা অনুযায়ী প্রতিটি বিদ্যালয় থেকে প্রধান শিক্ষক এবং একজন শ্রেষ্ঠ "শ্রেণী শিক্ষকের" জীবনবৃত্তান্ত নির্ধারিত তারিখের মধ্যে থানা নির্বাহী অফিসারের দফতরে পাঠাতে হবে। কিন্তু "শ্রেণী শিক্ষক" এর সংজ্ঞা নিয়ে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। কারণ, মাধ্যমিক বিদ্যালয়গুলোতে যে শিক্ষক প্রথম পিরিয়ডের ক্লাস নেন এবং ছাত্রছাত্রীদের "রোল কল" করেন তাঁকে "শ্রেণী শিক্ষক" বলা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী অধিকাংশ মাধ্যমিক বিদ্যালয়ের কর্তৃপক্ষ ৬ষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত প্রথম পিরিয়ডে "রোল কল" করায় ৫ জন শিক্ষক থেকে ১ জনকে শ্রেষ্ঠ "শ্রেণী শিক্ষক" নির্বাচন করতে শুরু করেছে এবং অন্যান্য শিক্ষকগণকে মোটেই বিবেচনায় আনা হচ্ছে না।

এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ব্যাখ্যা প্রার্থনা করছি।

প্রণব কুমার দেব

সহকারী শিক্ষক

হাতিয়া শহর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়

হাতিয়া, নোয়াখালী।